DEC. 8 2000

তারিখ ... পৃষ্ঠা ২০ কলাম ৫

# এসএসসি পরীক্ষার ফরম পূরণে বাড়তি ফি নেয়া হচ্ছে

ফয়জুল্লাহ মাহমুদ

এসএসসি পরীক্ষার ফরম পূরণ বাবদ দেশের স্কুলগুলোতে শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে। বোর্ড নির্ধারিত ফি থেকে অতিরিক্ত অর্থের পরিমাণ দ্বিগুণ-তিনগুণ, কোন কোন স্কুলে ৭/৮ গুণেরও বেশি। অভিভাবকরা বাধ্য হয়েই এ অতিরিক্ত ফি দিচ্ছেন। এসএসসি পরীক্ষার বোর্ড ফি ৫৬৫ টাকা। এছাড়া প্রতিটি পত্রের ব্যবহারিক পরীক্ষা ফি ২০ টাকা। অনিয়মিত বা বিভাগ উন্নয়ন ফি ৭৫ টাকা। কিন্তু সরকারি বা বেসরকারি প্রায় সব স্কুলই বোর্ডের এ বিধান লঙ্ঘন করে অতিরিক্ত ফি আদায় করছে। সরকারি স্কুলের তুলনায় বেসরকারি স্কুলে অতিরিক্ত ফি'র হার বেশি। শহরাঞ্চলের তুলনায় গ্রামাঞ্চলের স্কুলগুলোতেও বেশি ফি আদায় করা হচ্ছে বলে জানা গেছে। অতিরিক্ত ফি'র বিষয়ে স্কুলগুলোর কোন স্বচ্ছতা নেই। বিভিন্ন ধরনের খাত দেখিয়ে ছাত্রছাত্রীদের অতিরিক্ত ফি প্রদানে বাধ্য করা হচ্ছে। এক্ষেত্রেও কোন নিয়মনীতি মানা হচ্ছে না। 'যতটা রাখা সম্ভব' নীতি অনুসৃত হচ্ছে। কোন কোন স্কুলে অভিভাবকরা দর কষাকষির মাধ্যমে ২/১শ' টাকা কমাতে সক্ষম হচ্ছেন। স্কুলগুলো অতিরিক্ত ফি আদায় করেই সন্তুষ্ট নয়, শিক্ষার্থীদের বোঝা হিসাবে রয়েছে কোচিং ফি। সরকারি স্কুলের বাড়তি : পৃষ্ঠা : ৬ কলাম : ৩

## বাড়তি : ফি নেয়া হচ্ছে

(শেষ পৃষ্ঠার পর)

তুলনায় বেসরকারি স্কুলগুলোতে 'কোচিং ব্যবসা' বেশি চলে। নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ যেসব শিক্ষার্থীকে অতিরিক্ত অর্থের বিনিময় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হচ্ছে তাদের ব্যাপারে শিক্ষকরা মনোযোগী হয়ে ওঠেন। ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আবদুল হামিদ জানান, 'আমরা এ সংক্রান্ত কোন লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে অবশ্যই ব্যবস্থা গ্রহণ করা হবে।'